গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৩৮

## যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় উপদেষ্টা আগামীকাল রাজশাহী আসবেন

রাজশাহী, ২৪ শ্রাবণ (৮ আগস্ট):

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া আগামীকাল রাজশাহী ও নাটোর জেলা সফর করবেন। তিনি শনিবার (৯ আগস্ট) সকাল ৮টায় বিমান যোগে রাজশাহী পৌঁছবেন।

উপদেষ্টা সকাল সাড়ে ৮টায় রাজশাহী সার্কিট হাউজে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন রাজশাহী'র বিভিন্ন সংস্থাসমূহের বাস্তবায়নাধীন প্রকল্পগুলো ভার্চুয়ালি উদ্বোধন করবেন। এরপর সকাল সাড়ে ৯টায় তিনি নাটোরের উদ্দেশ্যে যাত্রা করবেন এবং সকাল সাড়ে ১০টায় নাটোর সদর উপজেলা মিনি স্টেডিয়াম এর উদ্বোধন করবেন। বেলা ১১টায় তিনি নাটোর জেলা পরিষদ অডিটরিয়ামে আলোচনা সভায় যোগ দেবেন।

উপদেষ্টা দুপুর একটায় নাটোর সার্কিট হাউজে উপস্থিত হয়ে নাটোর জেলার এলজিইডি'র বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পের ভার্চুয়াল উদ্বোধন করবেন।

ওইদিন সন্ধ্যায় তিনি রাজশাহী হয়ে বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে যাত্রা করবেন।

.......................................................
তৌহিদ/হালিম/২০২৫/১২.০০ ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd